

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ১৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অবা-১ অধিশাখা
আদেশ

তারিখ, ২৭ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ/১১ আগস্ট, ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২৬৩-আইন/২০১৬।—Imports and Exports (Control) Act, 1950 (Act XXXIX of 1950) এর Section-3 এর Sub Section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ এর অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (৫৮) এর সাধারণ লবণ (এইচ এস হেডিং নম্বর ২৫.০১) (পরিশোধিত বা বোল্ডার বা অন্যবিধ) আমদানির লক্ষ্যে প্রযোজ্য বিধানাবলীর প্রয়োগ আদেশ জারির তারিখ হইতে দুই মাস পর্যন্ত নিম্নবর্ণিত শর্তে স্থগিত করিল, যথা :—

- (ক) সাধারণ লবণ হিসাবে ব্যবহারের জন্য ৭৫,০০০.০০ (পঁচাত্তর হাজার) মেট্রিক টন ও লবণ শিল্পের কাঁচামাল হিসাবে ৭৫,০০০.০০ (পঁচাত্তর হাজার) মেট্রিক টন সাধারণ লবণ (এইচ এস হেডিং নম্বর ২৫.০১) (পরিশোধিত বা বোল্ডার বা অন্যবিধ) আমদানি করা যাইবে;
- (খ) দফা (ক) এর উদ্দেশ্য পূরণকল্পে, প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর এর পূর্বানুমতি গ্রহণ করত: আমদানির জন্য ঋণপত্র (এল সি) খুলিতে হইবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শাহাদাৎ হোসাইন
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৪০২৯)

মূল্য : টাকা ৪.০০